দর্শনায় ২৫ বোতল ভারতীয় ইস্কাফসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ২৫ বোতল ভারতীয় ইস্কাফসহ মিরাজুল ইসলাম (২১) নামে এক যুবককে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত মিরাজুল দর্শনা ইসলাম বাজারপাড়া এলাকার আবু সিদ্দিকের ছেলে।

সোমবার সকাল ১০টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসানের নেতৃত্বে দর্শনা বাসস্ট্যান্ডের অপু ফার্মেসির সামনে অভিযান পরিচালনা করা হয়। এ সময় গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মিরাজুল ইসলামকে আটক করা হয়।

পরে তার দেহ তল্লাশি করে ২৫ বোতল ভারতীয় ইস্কাফ উদ্ধার করে পুলিশ। একই দিন তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।